২৮/৯/২০০৩

তারিখ ... পৃষ্ঠা ১০ কলাম ... ৫...

ভোরের কাগজ

# এসএসসির ফি প্রদানের সময় বাড়ানোর জন্য শিক্ষক সমিতির আহ্বান

**কাগজ প্রতিবেদক :** আগামী এসএসসি পরীক্ষার্থীদের ফি প্রদানের শেষ তারিখ হিসেবে ঢাকা মাধ্যমিক শিক্ষা বোর্ড যে তারিখ নির্ধারণ করছে বাংলাদেশ শিক্ষক সমিতি সেই তারিখ আরো ১০ দিন বৃদ্ধি করার জন্য সরকার ও বোর্ড কর্তৃপক্ষকে অনুরোধ জানায়।

গত ২৪ সেপ্টেম্বর বাংলাদেশ শিক্ষক সমিতির সভাপতি অধ্যক্ষ কামরুজ্জামান ও সাধারণ সম্পাদক চৌধুরী খুরশীদ আলম এক বিবৃতিতে বলেন, ঢাকা মাধ্যমিক শিক্ষা বোর্ড আগামী এসএসসি পরীক্ষার্থীদের নির্বাচনী পরীক্ষা ১: নভেম্বরের মধ্যে এবং পরীক্ষার ফি জমা দেওয়ার শেষ তারিখ ৩ ডিসেম্বর নির্ধারণ করে। এ প্রেক্ষিতে শিক্ষক সমিতি জানায় দুর্গাপূজা, শারদীয় ছুটি, লক্ষ্মীপূজা ও শবেবরাত উপলক্ষে আগামী ১ অক্টোবর থেকে ২ নভেম্বর পর্যন্ত স্কুলগুলো বন্ধ থাকবে। ছুটির তিন মাস পর নির্বাচনী পরীক্ষা শুরু করলেও পরীক্ষা শেষ করা উত্তরপত্র পরীক্ষা করা ও ফলাফল প্রকাশে কমপক্ষে চার সপ্তাহ প্রয়োজন হবে।